

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৬২.১৮- ২২০

তারিখঃ- ০২.০৭.২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইনকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ (১) সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইন এর ৩০.০৫.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।
(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখঃ ১২.১১.১৭ খ্রিঃ।
(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭-৪, তারিখঃ ২৬.০৯.১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, দিনাজপুর জেলার দিনাজপুর সদর উপজেলাধীন দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইনকে ১৫-০৫-২০০৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে “Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order.”


০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।

০৪. সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইন কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে সুপার (মোঃ মোকবুল হোসাইন) ১৫-০৫-২০০৭ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় সুপার হিসেবে জনাব মোঃ মোকবুল হোসাইন তাঁর পদের পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইন কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (মোঃ মোকবুল হোসাইন) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে তাঁকে পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করা হচ্ছে না।

০৬. সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইনকে পূর্ণ বেতন-ভাতাদি (এমপিও) প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৭. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত সুপার, জনাব মোঃ মোকবুল হোসাইনকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক তাঁর পূর্ণাঙ্গ বেতন-ভাতাদি(এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এ অধিদপ্তরকে আগামী ২৫-০৭-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে অবহিতির জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


০২.০৭.১৮

(মোহাম্মদ শামসুজ্জামান)
উপ-পরিচালক (অর্থ)
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সুপার (ভারপ্রাপ্ত)

দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসা

ডাকঘরঃ কমলপুর, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা শিক্ষা অফিসার, দিনাজপুর (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৬। সভাপতি, ব্যবস্থাপনা কমিটি, দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, ডাকঘরঃ কমলপুর, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
- ৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, পুলহাট শাখা, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর
- ৮। জনাব মোঃ মোকবুল হোসাইন, সুপার (সাময়িক বরখাস্তকৃত) দাইনুর ইসলামিয়া দ্বি-মুখী দাখিল মাদরাসা, ডাকঘরঃ কমলপুর, উপজেলাঃ- দিনাজপুর সদর, জেলাঃ- দিনাজপুর
- ৯। অফিস কপি।